

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-১ অধিশাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নথি নং-৪৬.০১৭.০২৮.০০.০০.০০৬.২০১১- ৩৭০

তারিখ : ২৬ বৈশাখ ১৪২৪  
০৯ মে, ২০১৭

বিষয় : পিরোজপুর জেলার নাজিরপুর উপজেলার ০৫ নং শাঁখারীকাঠী ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের প্রশাসনিক অনুমোদন প্রদান বিষয়ে তথ্য প্রেরণ।

সূত্র : জেলা প্রশাসক, পিরোজপুর কার্যালয়ের, পত্র নং-১৩৩, তারিখ : ২১/০৩/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার নাজিরপুর উপজেলার ০৫ নং শাঁখারীকাঠী ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নির্বাচনের প্রস্তাবটি নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের ১৬.০৯.২০১৩ তারিখের ৪৬.০১৭.০২২.০০.০০.০১১.২০১৩-৬৮৫ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্রের শর্তাদি অনুসরণ করে পরিপত্রের ৩নং ক্রমিকে উল্লিখিত নিম্নোক্ত তথ্যাদি যথাযথভাবে সংযোজন করে সুস্পষ্ট মতামতসহ স্বয়ং-সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

(ক)	ইউপি সভার সকল সদস্যের স্বাক্ষরিত কার্য-বিবরণীর মূল/সত্যায়িত ছায়ািলপি (উপজেলা নির্বাহী অফিসার দ্বারা সত্যায়িত হতে হবে;
(খ)	স্থানীয় সরকার বিভাগের ১৬.০৯.২০১৩ তারিখের ৬৮৫ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্রের শর্ত মোতাবেক জেলা প্রশাসক, নিজে বা উপ-পরিচালক স্থানীয় সরকার/একজন অতিরিক্ত জেলা প্রশাসকের মাধ্যমে প্রস্তাবিত স্থানটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন;
(গ)	জমির দলিল ও ইউনিয়ন পরিষদের অনুকূলে নাম জারির পর্চা, খতিয়ান এর মূল/নকলের কপি;
(ঘ)	স্থানটি দানসূত্রে প্রাপ্ত হলে দানপত্র দলিল বা দাতার অংগীকারনামা, দাতার মালিকানা প্রমাণের দলিল ও পর্চার মূল/নকলের কপি;
(ঙ)	জমির মৌজা, জে এল নং, খতিয়ান, দাগ নংসহ বিস্তারিত তফসিল;
(চ)	প্রস্তাবিত জমির অবকাঠামো ও দাগ নম্বর স্পষ্ট করে স্কেচ ম্যাপ (ট্রেসিং পেপারে রঙিন কালি দ্বারা চিহ্নিত করে);
(ছ)	প্রস্তাবিত জায়গাটি নতুন জায়গা হলে পরিপত্রের ৩(চ) ক্রমিকে উল্লিখিত নির্দেশনা প্রতিপালন করে প্রস্তাব প্রেরণ; এবং
(জ)	স্থানীয় সরকার বিভাগের ১৬.০৯.২০১৩ তারিখের ৬৮৫ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্র অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় সকল কাগজাদি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার অথবা সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক সত্যায়িত করে প্রেরণ।

( মোঃ মাহাবুবুর রহমান )  
উপসচিব  
ফোন : ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক  
পিরোজপুর।

অনুলিপি :

১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।